

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৬.০১.০০১.২৪. ৪০

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১
২৮ এপ্রিল ২০২৪


বিষয়: কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী কোম্পানি সমূহের Documents Verification Code (DVC) পরিপালন পূর্বক অডিট রিপোর্ট প্রস্তুত ও এজিএম অনুষ্ঠান সংক্রান্ত সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী কোম্পানি সমূহের Documents Verification Code (DVC) পরিপালন পূর্বক অডিট রিপোর্ট প্রস্তুত ও এজিএম অনুষ্ঠান সংক্রান্ত সমস্যা সমাধানকল্পে জাতীয় গোয়েন্দা নিরাপত্তা প্রতিবেদন ও উক্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের (RJSC) পরামর্শ মোতাবেক সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে একটি সভা সিনিয়র সচিব বাণিজ্য মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে ২ এপ্রিল ২০২৪ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

“FRC নির্ধারিত Public Interest Entity (PIE) বাতীত অন্যান্য প্রাইভেট কোম্পানি, বাণিজ্য সংগঠন ও ২৯ ধারার কোম্পানিসমূহ জুন/২০২৫ সাল পর্যন্ত বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী মূলতবী সভার মাধ্যমে অনুমোদন এবং আরজেএসসি-তে দাখিল করতে পারবে। তবে, এই নীতি ৮১ (১) ধারা অনুসারে তখনি প্রয়োগ হবে যখন মূলতবীকৃত এজিএম উহার পরবর্তী এজিএম এর নির্দিষ্ট সময় অতিক্রান্ত হবার পূর্বে অনুষ্ঠিত হয়”।

০২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল অংশীজনকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী


(এম এম মোস্তফা জামাল চৌধুরী)
উপসচিব

E-mail: to1@mincom.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১) নিবন্ধক (অতিরিক্ত সচিব), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা
- ২) চেয়ারম্যান, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, পর্যটন ভবন (৯ম তলা), প্লট-৫সি/১ পশ্চিম আগারগাঁও, ঢাকা
- ৩) চেয়ারম্যান, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা
- ৪) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৬.০১.০০১.২৪. ৪০

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১
২৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) মহাপরিচালক, বাণিজ্য সংগঠন এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহাপরিচালক, বাণিজ্য সংগঠন মহোদয়ের সদয় অবগতির জন্য)


(এম এম মোস্তফা জামাল চৌধুরী)
উপসচিব